# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬২৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬২৬]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ১২: তাহাজ্জুদের সালাত কোন্ দু'আ দ্বারা শুরু করা হবে?

## باب بِأَىِّ شَىْءٍ تُسْتَفْتَحُ صَلاَةُ اللَّيْلِ

আরবী

أَخْبَرَنَا الْعَبَّاسُ بْنُ عَبْدِ الْعَظِيمِ، قال: أَنْبَأَنَا عُمَرُ بْنُ يُونُسَ، قال: حَدَّثَنَا عِكْرِمَةُ بْنُ عَمَّارٍ، قال: حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ، قال: حَدَّثَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، قال: سَأَلْتُ عَائِشَةَ بِأَيِّ شَيْءٍ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْتَتِحُ صَلَاتَهُ ؟ قَالَتْ: كَانَ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ افْتَتَحَ صَلَاتَهُ، قَالَ: اللَّهُمَّ رَبَّ جِبْرِيلَ، وَمِيكَائِيلَ، وَإِسْرَافِيلَ فَاطِرَ السَّمَوَاتِ وَالْأَرْضِ، عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ أَنْتَ تَحْكُمُ بَيْنَ عِبَادِكَ فِيمَا كَانُوا فِيهِ يَخْتَلِفُونَ، اللَّهُمَّ اهْدِنِي لِمَا اخْتُلِفَ فِيهِ مِنَ الْحَقِّ، إِنَّكَ تَهْدِي مَنْ تَشَاءُ إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ .

تخريج دارالدعوه: صحيح مسلم/المسافرين ٢٦ (٧٧٠)، سنن ابی داود/الصلاة ١٢١ (٧٦٧)، سنن الترمذی/الدعوات ٣١ (٣٤٢٠)، سنن ابن ماجہ/الإقامة ١٨٠ (١٣٥٧)، (تحفة الأشراف: ١٧٧٧٩)، مسند احمد ٦/١٥٦ (حسن)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1626 - حسن

বাংলা

১৬২৫. আব্বাস ইবনু আবদুল আযীম (রহ.).... আবূ সালামাহ ইবনু আবদুর রহমান (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ‘আয়িশাহ্ (রাঃ) -এর কাছে প্রশ্ন করলাম, নবী (সা.) কোন্ দু'আ দ্বারা তাহাজ্জুদের সালাত শুরু করতেন। তিনি বললেন, যখন তিনি রাতে ঘুম থেকে জাগতেন তাঁর সালাত এ দু'আ পড়ে শুরু করতেন- “আল্ল-হুম্মা রব্বা জিবরীলা ওয়া মীকাঈলা ওয়া ইসরা-ফীলা ফা-ত্বিরাস সামাওয়াতি ওয়াল আরযি ‘আলিমাল গয়বি

ওয়াশশাহা-দাতি আনতা তাহকুমু বায়না ‘ইবা-দিকা ফীমা- কা-নূ ফীহি ইয়াখতালিফূনা আল্ল-হুম্মাহদিনী লিমাখ তুলিফা ফীহি মিনাল হাক্কি ইন্নাকা তাহদী মান তাশা-উ ইলা- সিরা-ত্বিম্ মুসতাকীম” (হে আল্লাহ! হে জিবরীল, মীকাঈল ও ইসরাফীল-এর রব, হে আসমান ও জমিনের সৃষ্টিকর্তা, হে প্রকাশ্য ও অপ্রকাশ্য জ্ঞানের অধিকারী! তুমিই তোমার বান্দাদের মতপার্থক্য ফায়সালা করে দিবে। হে আল্লাহ! সত্যের সম্পর্কে যে ইখতিলাফ করা হচ্ছে, এ সম্পর্কে আমাকে সরল সঠিক পথ দেখাও। কারণ তুমি যাকে চাও, সরল পথ দেখাও।)।

## English

With what should prayer at night begin?

Abu Salamah bin 'Abdur-Rahman said: I asked 'Aishah: 'With what did the Prophet (ﷺ) start his prayer?' She said: 'When he got up to pray at night he would start his prayer with the words: Allahumma Rabba Jibril wa Maika'il wa Israfil; Fatirus-samawati wal-ard, 'alim al-ghaybi wash-shahadah, anta tahkumu bayna 'ibadika fima kanu fihi yakhtalifun, Allahumma ihdini limakktulifa fihi min al-haqq innaka tahdi man tasha'ila siratin mustaqim (O Allah, Lord of Jibril, Mika'il and Israfil, Creator of the heavens and the earth, Knower of the unseen and the seen, You judge between Your slaves concerning wherein they differ. O Allah, guide me to the disputed matters of truth for You are the One Who guides to the Straight Path).

## ফুটনোট

হাসান: মুসলিম ৭৭০, আবু দাউদ ৭৬৭, তিরমিযী ৩৪২০, ইবনু মাজাহ ১৩৫৭।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90121

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন